

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ৮, ২০২০

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৪ আষাঢ়, ১৪২৭ মোতাবেক ০৮ জুলাই, ২০২০

নিম্নলিখিত বিলটি ২৪ আষাঢ়, ১৪২৭ মোতাবেক ০৮ জুলাই, ২০২০ তারিখে জাতীয় সংসদে
উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং ১৯/২০২০

Bangladesh Bank Order, 1972-এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Bangladesh Bank Order, 1972 (P. O. No. 127 of 1972) এর অধিকতর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই আইন Bangladesh Bank (Amendment) Act, 2020 নামে
অভিহিত হইবে।

২। P. O. No. 127 of 1972 এর Article 10 এর সংশোধন।—Bangladesh Bank
Order, 1972 (P. O. No. 127 of 1972) এর Article 10 এর clause (5) এর শর্তাংশে উল্লিখিত
“sixty five” শব্দগুলির পরিবর্তে “sixty seven” শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে।

(৬৮২৫)
মূল্য : টাকা ৮.০০

উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

Bangladesh Bank Order, 1972 (P. O. No. 127 of 1972) এর Article 10 এর clause (5) এর শর্তাংশ অনুযায়ী গভর্নর এর কার্যকাল বা মেয়াদ ৪(চার) বছর এবং তাঁকে পুনর্নির্যোগ করা যাইবে। তবে, উক্ত clause (5) এ উল্লেখ রয়েছে যে, ৬৫ বছর বয়স পূর্তির পর কোন ব্যক্তি গভর্নর পদে আসীন থাকিতে পারিবেন না।

২। দেশের অর্থনৈতিক ব্যবস্থাপনায় কেন্দ্রীয় ব্যাংকের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। দেশের রাজস্ব নীতির সঙ্গে সঙ্গতি রাখিয়া কার্যকর মুদ্রানীতি প্রণয়ন, মুদ্রা সরবরাহ ও ব্যাংক খণ্ড ব্যবস্থার নিয়ন্ত্রণ, মুদ্রামান-সংরক্ষণ, বাণিজ্যিক ব্যাংকসমূহের সঙ্গে সমবয় সাধন প্রভৃতি বিষয়ে কেন্দ্রীয় ব্যাংক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিয়া থাকে। দেশের সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনার স্বার্থে এই প্রতিষ্ঠানের কার্যকর ও উন্নততর ব্যবস্থাপনা নিশ্চিত করা প্রয়োজন। সেই পরিপ্রেক্ষিতে উক্ত প্রতিষ্ঠান-প্রধানের প্রাঙ্গতা, বিচক্ষণতা, কর্মদক্ষতা, অভিজ্ঞতা ও নেতৃত্ববাচক গুণাবলি প্রাতিষ্ঠানিক সাফল্যের মূল নিয়ামক শক্তি বিবেচনায় উক্ত পদে যোগ্য ও উপযুক্ত ব্যক্তিকে বিদ্যমান বয়সসীমা অপেক্ষা অধিকতর বয়সে নিয়োগের সুযোগ রাখা কিংবা প্রয়োজনবোধে উক্ত পদে সমাসীন ব্যক্তিকে বিদ্যমান বয়সসীমা অতিক্রমণের ক্ষেত্রে প্রযোজ্যতা অনুসারে পুনর্নির্যোগ প্রদান কিংবা উক্ত ব্যক্তির নিয়োগের নিরবচ্ছিন্ন ধারাবাহিকতা বজায়ের ব্যবস্থা গ্রহণ করা সমীচীন। এ পরিপ্রেক্ষিতে ÔBangladesh Bank (Amendment) Act, 2020'- এর Article 10 এর clause (5) এর শর্তাংশ সংশোধনপূর্বক বাংলাদেশ ব্যাংকের গভর্নর পদে সর্বোচ্চ বয়সসীমা ৬৫ এর ছলে ৬৭ নির্ধারণ করা প্রয়োজন।

৩। এমতাবস্থায়, Bangladesh Bank (Amendment) Act, 2020 বিলটি মহান জাতীয় সংসদে উপস্থাপন করা হইল।

আহম মুস্তফা কামাল
ভারপ্রাপ্ত মন্ত্রী।

ড. জাফর আহমেদ খান
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd